দৈনিক ইত্তেফাক

তারিখ ০৭ JUL 1997
পৃষ্ঠা ৩ কলাম ৮

# শিক্ষানীতি প্রণয়নে ৩৬ দফা সুপারিশ বাস্তবায়নের দাবী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ গত শনিবার জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে সেন্টার ফর পলিসি ষ্টাডিজ-কর্তৃক গঠিত 'শিক্ষানীতি পর্যালোচনা ও সুপারিশ মালা প্রণয়ন কমিটি' জাতীয় শিক্ষানীতি প্রণয়নে তাহাদের ৩৬ দফার সুপারিশমালা বাস্তবায়নের দাবী জানাইয়াছে। এ সুপারিশমালায় বর্তমান বাস্তবতা, সমাজ চাহিদা, ধর্মীয় ও নৈতিক মূল্যবোধ, বৈজ্ঞানিক

(৫ম পৃঃ দ্রঃ)

## শিক্ষানীতি প্রনয়নে

(৩য় পৃঃ পর)

দৃষ্টিভঙ্গী এবং সংবিধানের চারমূলনীতির সহিত সঙ্গতিপূর্ণ একটি গতিশীল প্রয়োগমুখী শিক্ষা ব্যবস্থা প্রণয়নের দাবী করা হয়। সাংবাদিক সম্মেলনে ৯৬ পৃষ্ঠার এই সুপারিশমালা উপস্থাপন করেন সুপারিশমালা প্রণয়ন কমিটির চেয়ারম্যান ও জাতীয় বিশ্ববিদ্যালয় ও রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি প্রফেসর মুহাম্মদ আব্দুল বারী। উপস্থিত ছিলেন পলিসি ষ্টাডিজ-এর চেয়ারম্যান আবদুস শহীদ নাসিম, সাংবাদিক-রাজনীতিক আবদুল কাদের মোল্লা, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর চৌধুরী মাহমুদ হাসান, প্রফেসর আমিনুর রহমান মজুমদার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ডঃ সিরাজুল ইসলাম মাওলানা এ, কিউ, এম সিফাতুল্লাহ, ডাঃ রুহুল আমীন, আশরাফুল হক, আহমুদা আক্তার খানম প্রমুখ।

সুপারিশমালায় বলা হয়, শিক্ষা ব্যবস্থায় ধর্ম, বিজ্ঞান ও আধুনিক দৃষ্টিভঙ্গীর সুসমন্বয় ঘটাইতে হইবে। শিক্ষার উদ্দেশ্য হইতে হইবে সৎ, নীতিবান, সাহসী, দক্ষ ও যুগোপযোগী মানুষ সৃষ্টি। শিক্ষা ক্ষেত্রে যাবতীয় বৈষম্য, শিক্ষার নামে বেসাতি এবং শিক্ষাঙ্গনের সন্ত্রাস, দুর্নীতি ও রাজনৈতিক দলাদলি ইত্যাদির মূলোৎপাটন করিতে হইবে। শিক্ষার মানকে আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করিতে হইবে। উচ্চতর শিক্ষা হইবে মূলতঃ গবেষণামূলক ও সিলেকটিভ। শিক্ষা ব্যবস্থায় ধর্মকে উপেক্ষা করা বা পাশ কাটান যাইবে না। শিক্ষার জন্য জাতীয় ব্যয় বরাদ্দ বাড়াইতে হইবে। সরকার পরিবর্তনের সঙ্গে সঙ্গে পরিবর্তিত হইয়া যাইতে পারে এমন কোন বিতর্কিত বিষয় শিক্ষানীতিতে থাকিতে পারিবে না ইত্যাদি।

প্রফেসর মোহাম্মদ আবদুল বারী জানান, ইতিমধ্যে এই সুপারিশমালা জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটিসহ সরকারের সংশ্লিষ্টস্তরে হস্তান্তর করা হইয়াছে। তিনি বলেন, এই সুপারিশমালার ভিত্তিতে শিক্ষানীতি প্রণীত হইলে তাহা হইবে সময় উপযোগী একটি পূর্ণাঙ্গ শিক্ষানীতি।

28